যুগান্তর

তারিখ 09 MAR 2016
পৃষ্ঠা 2 কলাম 6

### মেয়েকে নকল সরবরাহে অসম্মতি

# ডেমরায় শিক্ষককে পেটালেন আওয়ামী লীগ নেতা

**যুগান্তর রিপোর্ট**

রাজধানীর ডেমরায় আওয়ামী লীগ নেতার মেয়ে ও বাওয়ানী উচ্চ বিদ্যালয়ের ছাত্রীকে এসএসসি পরীক্ষার সময় নকল সরবরাহ না করায় শিক্ষককে পিটিয়ে আহত করা হয়েছে। অভিযুক্ত আওয়ামী লীগ নেতার নাম আবুল বাশার। তিনি ডেমরা ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক। মারধরের শিকার শিক্ষকের নাম মো. শাহ আলম। তিনি ওই স্কুলের বিজ্ঞানের শিক্ষক।

এ ব্যাপারে মঙ্গলবার ডেমরা থানায় করা জিডি সূত্রে জানা গেছে, আবুল বাশার তার মেয়ের রসায়ন পরীক্ষার সময় স্কুলের বিজ্ঞান বিষয়ের শিক্ষক শাহ আলমকে নকল সরবরাহ করতে বলেন। নকল সরবরাহে অসম্মতি জানালে ক্ষিপ্ত হয়ে আবুল বাশার সোমবার বিকালে ডেমরা কলেজের সামনে শিক্ষককে বেধড়ক পিটিয়ে জখম করেন।

ঘটনা জানাজানি হওয়ার পর মঙ্গলবার এলাকার সর্বস্তরের মানুষ নিন্দা ও প্রতিবাদ জানান। তারা মানববন্ধন করে বাশারের শাস্তি দাবি করেন।

স্কুলের শিক্ষকরা জানান, আবুল বাশার সব সময় স্কুলে তার দলীয় প্রভাবে শিক্ষকদের সঙ্গে অসদাচরণ করেন। তিনি স্কুলের কমিটির সভাপতি হওয়ায় স্কুল ফান্ডের ২১ লাখ টাকা তুলে আত্মসাৎ করেন। স্থানীয় এমপিসহ এলাকাবাসীর চাপে ১১ লাখ টাকা পরিশোধ করেন।

ডেমরা থানার ওসি এসএম কাওসার বলেন, আবুল বাশার কয়েক দিন আগে শাহ আলম নামে ওই শিক্ষককে পরীক্ষার হলে মেয়ের দিকে খেয়াল রাখতে বলেছিলেন। কিন্তু নকল সরবরাহ করতে বলেননি। খেয়াল না রাখায় শাহ আলমকে মারধর করেন বাশার। এ বিষয়ে আবুল বাশারের কোনো বক্তব্য পাওয়া যায়নি।